

মুক্তাশ্বেষা : একটি সৃজনশীল ষাণ্মাষিক পত্রিকার জন্য লেখা আহ্বান

মুক্তমনা ও শিক্ষা আন্দোলন মঞ্চের পক্ষ থেকে একটি ষাণ্মাষিক পত্রিকা প্রকাশ বিষয়ে শিক্ষা আন্দোলন মঞ্চের সেক্রেটারিয়েট স্তরে আজ আলোচনা হয়। নীচের বিষয়গুলো নিয়ে আলোচনার পর সিদ্ধান্ত নেয়া হয়।

- ১। পত্রিকাটির বিষয় হবে ‘শিক্ষা সংস্কৃতি বিজ্ঞান যুক্তিবাদ’
- ২। নামকরণ : আলোচনার পর স্থির হয় যে পত্রিকাটির নাম হবে ‘মুক্তাশ্বেষা’ এবং প্রথম দিকে পরীক্ষণমূলক হিসেবে এর প্রকাশ করা হবে বছরে দুটি সংখ্যা।
- ৩। আকৃতি: এর আকার হবে একটি প্রমাণ আয়তনের বইয়ের আকার। উদাহরণ সিরাজুল ইসলাম সম্পাদিত ‘নতুন দিগন্ত’। প্রতি ফর্মা হবে ১৬ পেজী। প্রতিটি সংখ্যা হবে ৮-১০ ফর্মার।
- ৪। স্থির হয় যে আগামী জুলাই মাসের প্রথম দিকে প্রথম সংখ্যাটি বের হবে।

পরিচালনা কমিটি

নীচের ব্যক্তিবর্গ নিয়ে পত্রিকাটির পরিচালনা কমিটি গঠন করা যেতে পারেঃ

- ১। অধ্যাপক আকমল হোসেন, ঢা.বি
- ২। অধ্যাপক এইচ. কে. এস. আরেফিন, ঢা.বি
- ৩। জনাব বশীর আল হেলাল, সাহিত্যিক
- ৪। অধ্যাপক আবিদুর রেজা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
- ৫। অধ্যাপক শামসুল ওয়ারেস, স্থপতি
- ৬। জনাব মামুনের রশীদ, নাট্য ব্যক্তিত্ব
- ৭। সফিউদ্দিন আহমেদ, স্থপতি
- ৮। মওলানা হোসেন আলী, সাংবাদিক
- ৯। ডা. ওয়াহিদরেজা, চিকিৎসক, নারায়নগঞ্জ
- ৯। সৈয়দ আবুল কালাম, শিক্ষক
- ১০। মামুন, সমাজ সচেতন ব্যক্তি, সুইডেন, মুক্তমনা
- ১১। মাহুজা খানম, অবসরপ্রাপ্ত অধ্যক্ষা
- ১২। হারুন অর রশীদ, প্রকৌশলী
- ১৩। কাওসার চৌধুরী, প্রকৌশলী

সম্পাদনা পর্ষদ

অধ্যাপক অজয় রায়, সম্পাদক
অধ্যাপক শহীদুল ইসলাম, রা.বি

অধ্যাপক হাসান আজিজুল হক, রা.বি
সাইফুর রহমান (তপন) সহযোগী সম্পাদক
অনন্ত বিজয় দাস, মুক্তমনা

‘মুক্ত-মনা’ যুক্তিবাদ, মানবতাবাদ এবং মুক্তচিন্তা প্রসারে অগ্রনী ভূমিকা রাখা প্রগতিশীল ওয়েব-ভিত্তিক ফোরাম হিসেবে ইতিমধ্যেই পাঠক সমাজে একটি বিশেষ স্থান অধিকার করে নিয়েছে। আর শিক্ষা আন্দোলন মঞ্চ বাংলাদেশের ঢাকা নগরে শুধু নয়, গ্রাম বাংলার প্রত্যন্ত অঞ্চলেও বিজ্ঞান সচেতনতা ধর্মনিরপেক্ষ শিক্ষার কাঠমো বিনির্মাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সময় এসেছে আমাদের একনিষ্ঠ প্রয়াসকে দেশের সাধারণ মানুষের দ্বারে পৌঁছে দেবার। এ ষাণ্মাষিক পত্রিকার মাধ্যমে আমরা আমাদের স্বাতন্ত্র্যকে, আমাদের সংশয়কে, আমাদের আদর্শকে, আমাদের মূল্যবোধকে এবং আমাদের আন্দোলনকে সার্বিকভাবে জনসাধারণের কাছে পৌঁছিয়ে দিতে চাই। বাংলায় ভিন্নধর্মী পুস্তক প্রকাশনার উদ্যোগ আমরা আগেও নিয়েছি; নিঃসন্দেহে ধর্মনিরপেক্ষ, মানবতাবাদী বিজ্ঞানমনস্ক চিন্তাধারা বিকাশের এ ধরনের উদ্যোগ দেশের সাধারণ মানুষের কাছে নিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি কার্যকরী পদক্ষেপ হয়ে উঠবে। আমাদের এ নতুন উদ্যোগ বাঙ্গালী প্রথাবিরোধী, ফ্রি থিন্কার, ধর্মনিরপেক্ষ মানবতাবাদীদের শুধু নয়, সেই সাথে আকৃষ্ট করবে বাংলার প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে থাকা সেই সকল নতুন মুক্ত-মনা পাঠকদের যারা ইন্টারনেটের সুযোগ থেকে এখনো বঞ্চিত।

আমরা সত্যই মনে করি বাংলাদেশের মত দেশগুলোতে সামাজিক ও সাংস্কৃতিকভাবে পরমতসহিষ্ণু, অর্থনৈতিকভাবে স্বাবলম্বী, এবং বৈজ্ঞানিক চিন্তাধারায় দীক্ষিত মানব-সমাজ গড়ার প্রত্যয়ে আমরা একা নই। দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে থাকা অনেক সমমনা সংগঠন রয়েছে যাঁরা আমাদের সম্পর্কে হয়ত ওয়াকিবহাল নন, আবার হয়ত আমরাও তাঁদের অস্তিত্ব সম্পর্কে থেকে যাচ্ছি অজ্ঞাত। মুক্তান্বেষা তাঁর নতুন প্রকাশনার আত্মপ্রকাশের মধ্য দিয়ে সেই ফাঁক পূরণ করে একটি সামাজিক দায়বদ্ধতা পালনের অঙ্গীকার ব্যক্ত করছে।

মুক্তমনার সাথে জড়িত লেখক সাহিত্যিক এবং শুভানুধ্যায়ীদের কাছ থেকে লেখা আহ্বান করা হচ্ছে।
লেখা পাঠানোর শেষ সময়সীমা : জুনের প্রথম সপ্তাহ।

লেখা পাঠানোর ঠিকানা :

muktanwesa@yahoo.com
কপি করুন : avijit@citechco.net

০৪ মে, ২০০৭